



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

পত্র নং- ঢাবো/পনি/১৭৯

তারিখঃ ১০.০৪.২০১৭

বিষয়: পাবলিক পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়ণ সম্পর্কিত প্রজ্ঞাপন।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক- শা: ১০/বোর্ড বিবিধ-১/২০০৩(অংশ)/০৯, তারিখ: ০৫.০১.২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণের জন্য নিয়োগপ্রাপ্ত অনেক প্রধান পরীক্ষক ও পরীক্ষক বিভিন্ন অজুহাতে উত্তরপত্র বিতরণের সময় অনুপস্থিত থাকেন। ফলে উত্তরপত্র সঠিক সময়ে বিতরণ করা সম্ভব হয় না। নির্ধারিত সংখ্যক পরীক্ষক উপস্থিত না হওয়ার কারণে স্বল্প সংখ্যক পরীক্ষকদের মধ্যে উত্তরপত্র বিতরণ করতে হয় বিধায় পরীক্ষক প্রতি উত্তরপত্রের সংখ্যা বেড়ে যায়। এতে উত্তরপত্র মূল্যায়ণে বিলম্ব হয় এবং সরকার নির্ধারিত সময়ে ফলাফল প্রকাশ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। তদুপরি উত্তরপত্র মূল্যায়ণে ভুল ও অবমূল্যায়ণ হওয়ার আশংকা থাকে।

সুষ্ঠুভাবে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণের স্বার্থে পাবলিক পরীক্ষায় নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের উত্তরপত্র মূল্যায়ণের কাজটি শিক্ষা মন্ত্রণালয় বাধ্যতামূলক করেছে।

শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে বিষয়টি অবহিত ও প্রতিপালন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যে সকল শিক্ষক পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণ কাজে যথাযথ কারণ ছাড়া অনুপস্থিত হবেন বা অনিহা প্রকাশ করবেন তাঁদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা
ফোন: ০২-৯৬১৫২৩৫

এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

সংযুক্তি: শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন

১০৩

স্মারক নং-শাঃ ১০/বোর্ড (শিক্ষা)-১/২০০৩(অংশ)/০৮

তারিখ : ০৫/০১/২০১০

প্রজ্ঞাপন

পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষক বিভিন্ন অজুহাত উত্তরপত্র বিতরণের সময় অনুপস্থিত থাকেন সর্মে লক্ষ্য করা গেছে। ফলে উত্তরপত্র সঠিক সময়ে বিতরণ করা সম্ভব হয় না। নির্ধারিত সংখ্যক পরীক্ষক উপস্থিত না হওয়ার কারণে স্বল্প সংখ্যক শিক্ষককে উত্তরপত্র বিতরণ করতে হয়। বিষয় পরীক্ষক প্রতি উত্তরপত্রের সংখ্যা বেড়ে যায়। এতে উত্তরপত্র পরীক্ষণে বিলম্ব হয়। এ ছাড়া জুল ও অবমূল্যায়ন হওয়ার আশংকা থাকে।

সুচুভাবে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের মাঝে পাবলিক পরীক্ষার নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের উত্তরপত্র মূল্যায়নের কার্যটি বাধ্যতামূলক করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(স্বাক্ষর)

(স্বাক্ষর শায়স্তুল আলম)
উপ-সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ক্রম ও প্রকল্পনা অফিস

তেজগাঁও, ঢাকা

(প্রকল্পনাটি পরবর্তী মেজেরে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

স্মারক নং-শাঃ ১০/ব (অভি)-১/২০০৩/০৯(৫)

তারিখ : ০৫/০১/২০১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। সিনিয়র সিনিয়র/সিনিয়র/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিখর-ডবল, ঢাকা

২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/দিনাজপুর/কুমিল্লা/খুলনা

৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/খুলনা/কুমিল্লা/খুলনা

৪। সিনিয়র সিনিয়র/সিনিয়র/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

৫। সিনিয়র সিনিয়র/সিনিয়র/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

রাষ্ট্রপতির আদেশক্রমে

